

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৭০.০৭০.২০১৫-৩২০

তারিখ : ১৬ চৈত্র, ১৪২৩ বঃ
৩০ মার্চ, ২০১৭খ্রিঃ


প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোহাম্মদ জসিম উদ্দিন, চেয়ারম্যান, সাতকানিয়া উপজেলা পরিষদ, চট্টগ্রাম এর বিরুদ্ধে দায়েরকৃত সাতকানিয়া থানার মামলা নং- ১(১)২০১৪, (জি আর ১/২০১৪), মামলা নং-১২(১২)২০১৩ (জি আর-২২৪/২০১৩), মামলা নং-১৪(১২)২০১৩ (জি আর ২২৬/২০১৩), মামলা নং-০৪(০১)২০১৪ (জি আর ৪/২০১৪), মামলা নং-০৫(০১)২০১৪ (জি আর ৫/২০১৪), মামলা নং-১৩(১২)২০১৩ (জি আর ২২৫/২০১৩), মামলা নং-১০(১২)২০১৩ (জি আর ২২২/২০১৩) এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোহাম্মদ জসিম উদ্দিন, চেয়ারম্যান, সাতকানিয়া উপজেলা পরিষদ, চট্টগ্রাম - এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোহাম্মদ জসিম উদ্দিনকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।



(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৭০.০৭০.২০১৫-৩২০/১(১৪)

তারিখ : চৈত্র, ১৪২৩ বঃ
৩০ মার্চ, ২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. উপজেলা নির্বাহী অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম।
১১. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), সাতকানিয়া উপজেলা পরিষদ, চট্টগ্রাম।
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম / উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সাতকানিয়া, চট্টগ্রাম।
১৩. জনাব মোহাম্মদ জসিম উদ্দিন, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত) সাতকানিয়া উপজেলা পরিষদ, চট্টগ্রাম।
১৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।


(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব